

তারিখ ... ..  
পৃষ্ঠা ৩ কলাম ...

সংক্ষিপ্ত সংবাদ

হবিগঞ্জে শিক্ষামন্ত্রী

হবিগঞ্জ জেলা সংবাদদাতা : শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক বলেছেন, শিক্ষার মানোন্নয়নে বর্তমান সরকার বদ্ধপরিকর। শিক্ষকরাজ্যে সার্বদেশেই বিরাজ করছে। অর্চিয়েই এ শূন্যতা পূরণ করা হবে। তিনি বলেন, কুল-কলেজের পাশাপাশি মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা আধুনিকায়ন করা হবে। শিক্ষামন্ত্রী গতকাল (বৃহস্পতিবার) জেলার নবীগঞ্জ উপজেলা সদরে যুক্তরাজ্য এডুকেশন ট্রাস্ট নবীগঞ্জ আয়োজিত বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণদানকালে একথা বলেন।

পটুয়াখালীতে অধ্যক্ষের কক্ষে তালা

পটুয়াখালী জেলা সংবাদদাতা : জেলার একে এম কলেজের অধ্যক্ষ দুলাল চন্দ্র সাহাকে দুর্নীতিবাজ এবং অযোগ্য ঘোষণা করে কলেজের ছাত্র-ছাত্রীরা গতকাল (বৃহস্পতিবার) দুপুরে অধ্যক্ষের কক্ষে তালা মুলিয়ে দিয়েছে। অধ্যক্ষের অপসারণের দাবীতে ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃত্বে কলেজের প্রধান গেটেও তালা মেরে কলেজ বন্ধ ঘোষণা করেছে।